*মূলশব্দাবলী:*

*ডিজিটাল যন্ত্র-পাতি*
*উন্নতি*
*উপকারী*
*সময়*

**Majlis Ugama Islam Singapura**

**Friday Sermon**

**24 October 2025 / 2 Jamadilawal 1447H**

# ইসলাম ও ডিজিটাল সম্পৃক্ততা

**ٱلْحَمْدُ لِلَّهِ ٱلَّذِي هَدَانَا لِهَٰذَا وَمَا كُنَّا لِنَهْتَدِيَ لَوْلَا أَنْ هَدَانَا ٱللَّهُ، وَأَشْهَدُ أَنْ لَا إِلَٰهَ إِلَّا ٱللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. ٱللَّهُمَّ صَلِّ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ ٱللَّهِ، أُوصِي نَفْسِي وَإِيَّاكُمْ بِتَقْوَى ٱللَّهِ عَزَّ وَجَلَّ، فَقَدْ فَازَ ٱلْمُتَّقُونَ.**

**যুমরাতাল মুমিনীন রহিমাকুমুল্লাহ,**

আসুন আমরা আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালার প্রতি আমাদের তাকওয়া বৃদ্ধি করি — তাঁর সকল আদেশ পালন করি এবং সকল নিষেধ থেকে নিজেদেরকে বিরত রাখি।

আসুন আমরা আমাদের সময়কে কল্যাণকর কাজ ও সৎকর্মে পরিপূর্ণ করি।আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা আমাদের সময়ক বরকত দান করুন এবং তা যেন আনুগত্য ও কল্যাণে ভরপুর হয়।

আমিন, ইয়া রাব্বাল আলামিন।

**মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার অনুগ্রহপ্রাপ্ত সম্মানিত সুধী,**

আপনারা কি জানেন, আমাদের স্মার্টফোন প্রতিদিন আমরা কতক্ষণ ব্যবহার করি তা নথিভুক্ত করে রাখে? এখন আসুন আমরা নিজেদের কাছে সৎভাবে কয়েকটি প্রশ্নের উত্তর দিই। আমরা প্রতিদিন আমাদের

ডিজিটাল যন্ত্রগুলো — স্মার্টফোন, ট্যাবলেট, কম্পিউটার এবং অন্যান্য ডিভাইস — এ কত ঘন্টা ব্যয় করি? এক বা দুই ঘন্টা? নাকি তারও কম?

এখন এর সঙ্গে তুলনা করুন আমরা আল্লাহ ও তাঁর রাসূলের স্মরণে কতটা সময় ব্যয় করি — যেমন কুরআন তিলাওয়াত, নবীর দিকনির্দেশনা নিয়ে চিন্তাভাবনা, বা অন্যান্য ইবাদতের মাধ্যমে।

আমার প্রিয় ভাইয়েরা, আমরা সবাই ভালোভাবেই জানি যে ডিজিটাল যন্ত্রসমূহ একদিকে কল্যাণের উৎস হতে পারে, আবার অন্যদিকে ক্ষতি ও বিভ্রান্তির কারণও হতে পারে। আমাদের জীবন এখন এই যন্ত্রগুলোর ওপর গভীরভাবে নির্ভরশীল, এবং এ যুগে এগুলো মানবজাতির জন্য অন্যতম বড় পরীক্ষা হয়ে দাঁড়িয়েছে।

তাই আজকের খুতবার উদ্দেশ্য কোনোভাবেই আমাদেরকে ডিজিটাল যন্ত্র পরিত্যাগের আহ্বান জানানো নয়, কারণ ইসলাম হলো এমন একটি ধর্ম যা সামঞ্জস্য ও প্রজ্ঞার ওপর গুরুত্ব দেয়।
আমাদেরকে দুনিয়ার বাস্তবতা থেকে বিচ্ছিন্ন থাকতে বলা হয়নি — যেমন কর্মজীবন গঠন, ব্যবসায় অংশগ্রহণ, খেলাধুলায় যুক্ত হওয়া, কিংবা নিজের ব্যবহৃত প্রযুক্তি থেকে উপকৃত হওয়া।
বরং আমাদের দায়িত্ব হলো এগুলোকে কল্যাণকর ও উপকারী উপায়ে পরিচালনা করা — আল্লাহ তাআলা ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শিক্ষার আলোকে।

প্রিয় ভাইয়েরা আমার,

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা’আলা সুরা আল-আঙ্কাবু-এর ৬৪ নম্বর আয়াতে বলেছেনঃ

وَمَا هَٰذِهِ ٱلْحَيَوٰةُ ٱلدُّنْيَآ إِلَّا لَهْوٌ وَلَعِبٌ ۚ وَإِنَّ ٱلدَّارَ ٱلْـَٔاخِرَةَ لَهِىَ ٱلْحَيَوَانُ ۚ لَوْ كَانُوا۟ يَعْلَمُونَ ﴿٦٤﴾

অর্থঃ “পার্থিব জীবন একটি ক্ষণস্থায়ী বিনোদন মাত্র, আর অনন্তকালের আবাস (আখিরাত) হলো আসল জীবন”।

এটি দুনিয়ার জীবনের সাময়িক প্রকৃতি সম্পর্কে আল্লাহ তাআলার একটি স্পষ্ট সতর্কবাণী। এই জীবন নানা রকম বিনোদনে পরিপূর্ণ, যা সঠিকভাবে নিয়ন্ত্রণ না করলে আমাদের মনোরঞ্জন করতেও পারে আবার বিভ্রান্তও করতে পারে। এই যুগে তা অন্তর্ভুক্ত করে ডিজিটাল বিনোদন — যেমন গেমস, সামাজিক যোগাযোগমাধ্যম, ভিডিও এবং অবিরাম স্ক্রল করার অভ্যাস। আমরা যখন এক ধরনের বিষয়বস্তুতে ক্লান্ত হয়ে যাই, তখন অন্য কিছুর দিকে চলে যাই। এবং এই চক্র চলতেই থাকে, আমরা বুঝতেই পারি না কতটা সময় অজান্তে কেটে যাচ্ছে।

**Dear congregation,**

There are three steps we can take to manage the use of **digital gadgets** better:

**Firstly**: Be cautious of how we spend our leisure **time**.

The Prophet s.a.w. said which means: *“There are two blessings that many people are deceived by: health and free* ***time.”*** (Bukhari)

Health and free **time** are among the most valuable blessings from Allah. However, today, they are slowly being taken away by the screens we stare at. Being cautious means becoming more aware of the **time** spent in front of screens.

**মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার অনুগ্রহপ্রাপ্র প্রিয় সুধী,**

ডিজিটাল যন্ত্রগুলোর ব্যবহারে সংযম ও সঠিক নিয়ন্ত্রণ আনতে আমরা তিনটি পদক্ষেপ নিতে পারি।

**প্রথমত: অবসর সময় কীভাবে ব্যয় করছি, সে বিষয়ে সতর্ক থাকা।**

রাসূলুল্লাহ (সঃ) বলেছেন, যার অর্থ:

“দুটি নিয়ামত আছে, যাতে অনেক মানুষ প্রতারিত হয় — সুস্বাস্থ্য এবং অবসর সময়।” (বুখারী)

স্বাস্থ্য ও অবসর সময় আল্লাহর পক্ষ থেকে অমূল্য দান। কিন্তু আজকের দিনে আমরা ধীরে ধীরে এই নিয়ামতগুলো হারিয়ে ফেলছি, কারণ আমাদের চোখ সবসময় পর্দায় নিবদ্ধ থাকে।
সতর্ক থাকার অর্থ হলো — আমরা পর্দার সামনে কতটা সময় কাটাচ্ছি তা সচেতনভাবে লক্ষ্য রাখা।

অস্বাস্থ্যকর বা অর্থহীন বিষয়বস্তু থেকে নিজেকে দূরে রাখার অভ্যাস গড়ে তুলুন, বিশেষ করে যখন ইবাদতের সময় ঘনিয়ে আসে, কিংবা পড়াশোনা, কাজ বা পরিবারের সঙ্গে সময় কাটানোর সময়।
এছাড়াও, রাস্তা পার হওয়ার সময়, টয়লেটে প্রবেশের সময়, কিংবা গভীর রাত পর্যন্ত পর্দার দিকে তাকিয়ে থাকার অভ্যাস থেকেও বিরত থাকুন — কারণ এটি আপনার বিশ্রাম ও দীর্ঘমেয়াদি স্বাস্থ্যের জন্য ক্ষতিকর।

**দ্বিতীয়তঃ প্রযুক্তিকে ব্যক্তিগত উন্নয়নের জন্য ব্যবহার করা**

ডিজিটাল যন্ত্রগুলো আমাদের ব্যক্তিগত ও আত্মিক উন্নয়নের সহায়ক হাতিয়ার হতে পারে।
আজকের যুগে এমন অনেক অ্যাপ্লিকেশন ও ডিজিটাল প্ল্যাটফর্ম রয়েছে, যা আমাদের জ্ঞান বৃদ্ধি করতে এবং আল্লাহ, কুরআন ও দ্বীনের সঙ্গে সম্পর্ক দৃঢ় করতে সাহায্য করে।
বর্তমানে আমাদের হাতের নাগালেই রয়েছে অসংখ্য নির্ভরযোগ্য ইসলাম চর্চার উপকরণ — যেমন অনলাইন ক্লাস, ধর্মীয় বক্তৃতা, কুরআন ও হাদীসের ডিজিটাল সংস্করণ ইত্যাদি।
এসবই হতে পারে আমাদের জন্য দ্বীনের গভীর জ্ঞান অর্জন ও যেকোনো স্থানে থেকেও জিকির ও ইলমের সঙ্গে যুক্ত থাকার মাধ্যম।

তবে এর পাশাপাশি আমাদের সতর্ক ও প্রজ্ঞাবান হওয়া জরুরি — বিশেষ করে অনলাইন জ্ঞানসূত্র যাচাইয়ের ক্ষেত্রে।

আধুনিক প্রযুক্তি, এমনকি কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) — তথ্যকে সহজলভ্য করে তুললেও, এর সীমাবদ্ধতা রয়েছে। এটি গভীর বোঝাপড়া দিতে পারে না, আত্মিক দিকনির্দেশনা থেকে বঞ্চিত এবং ধর্মীয় বিষয়ে প্রেক্ষাপট বুঝতে অক্ষম হতে পারে। তাই আমাদের উচিত যোগ্য আলেম বা আসাতিজাহদের কাছ থেকে প্রকৃত ইসলামিক দিকনির্দেশনা গ্রহণ করা।

প্রযুক্তিকে জ্ঞানার্জনের সহায়ক হিসেবে ব্যবহার করুন, কিন্তু কখনোই তা যেন ধর্মীয় শিক্ষক বা মুরশিদের ভূমিকা ও পরামর্শের বিকল্প না হয়ে ওঠে।

**তৃতীয়তঃ ছদ্মনামের অপব্যবহার থেকে বিরত থাকা**

ভার্চুয়াল জগতের অন্যতম বড় বিপদ হলো "গোপনীয়তার ভ্রান্ত ধারণা" — অর্থাৎ মনে করা যে, আমরা পরিচয় গোপন রেখে যেকোনো কিছু বলতে বা করতে পারি।

এই ভুল ধারণার কারণেই অনেকেই কষ্টদায়ক মন্তব্য লেখে, পরনিন্দা করে, মিথ্যা খবর ছড়ায়, এবং ভাবে যে কেউ তাদের জবাবদিহি করতে পারবে না।

কিন্তু মনে রাখবেন — আমরা হয়তো মানুষের দৃষ্টির আড়ালে থাকতে পারি, কিন্তু আল্লাহ তাআলার দৃষ্টির আড়ালে কখনোই নই।

মানবজাতির সৃষ্টিকর্তা আল্লাহ সবকিছু দেখেন।

আমাদের প্রতিটি লেখা, প্রতিটি মন্তব্য, প্রতিটি কাজ — সবই আমাদের আমলনামায় লিপিবদ্ধ হচ্ছে।

ইসলাম দায়িত্ববোধ ও সততার মূল্যবোধকে বিশেষ গুরুত্ব দেয়।

ডিজিটাল জগৎ কোনো নৈতিকতার সীমাহীন ক্ষেত্র নয়; বরং এটি এমনই এক স্থান, যেখানে আমাদের প্রতিটি কাজ রেকর্ড হচ্ছে এবং যার জন্য কিয়ামতের দিনে জবাবদিহি করতে হবে।

প্রিয় ভাইয়েরা,

প্রতিটি অতিবাহিত মুহূর্ত আর কখনো ফিরে আসবে না। তাই আসুন, আমরা আমাদের অবসর সময়কে কল্যাণকর কাজ ও সৎকর্মে পরিপূর্ণ করি। আমাদের জীবনের প্রতিটি মুহূর্ত যেন কিয়ামতের দিনে আমাদের বিরুদ্ধে সাক্ষী না হয়ে, বরং আমাদের পক্ষে সাক্ষ্য দেয় — এই দোয়া করি।

**আল্লাহুল মুস্তা'আন** — সহায়তা একমাত্র আল্লাহর কাছ থেকেই প্রাপ্ত।

**أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم.**

## Second Sermon

الحَمْدُ لِلَّهِ حَمْدًا كَثِيرًا كَما أَمَر، وَأَشْهَدُ أَن لا إِلَه إِلّا اللهُ وَحْدَهُ لا شَرِيكَ لَه، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُه. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنا مُحَمَّدٍ وَعَلى آلِهِ وَأَصْحابِهِ أَجْمَعِين. أَمّا بَعْدُ، فَيا عِبادَ الله، اتَّقُوا اللهَ تَعالَى فِيما أَمَر، وانتَهُوا عَمَّا نَهاكُم عَنْهُ وَزَجَر.

أَلا صَلُّوا وَسَلِّمُوا عَلى النَّبِيِّ الْمُصْطَفى، فَقَدْ أَمَرَنا اللهُ بِذَلِكَ حَيْثُ قَالَ فِي كِتابِهِ العَزِيز: إِنَّ اللهَ وَمَلائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يا أَيُّها الَّذِينَ ءامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبارِكْ عَلى سَيِّدِنا مُحَمَّدٍ وَعَلى آلِ سَيِّدِنا مُحَمَّدٍ.

وارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفاءِ الرَّاشِدِينَ المَهدِيِّينَ سَادَاتِنا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمانَ وَعَلِيّ، وَعَن بَقِيَّةِ الصَّحابَةِ وَالقَرابَةِ وَالتَّابِعِين، وَتابِعِي التَّابِعِين، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يا أَرْحَمَ الرَّاحِمِين.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِناتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِماتِ، الأَحْياءِ مِنْهُم وَالأَمْواتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلاءَ وَالوَباءَ وَالزَّلازِلَ وَالمِحَنَ، ما ظَهَرَ مِنْها وَما بَطَنَ، عَن بَلَدِنا خاصَّةً، وَسائِرِ البُلْدانِ عامَّةً، يا رَبَّ العالَمِين. اللَّهُمَّ انْصُرْ إِخْوانَنا الْمُسْتَضْعَفِينَ فِي غَزَّة وَفِي فِلَسْطِينَ وَفِي كُلِّ مَكانٍ عامَّةً، يا أَرْحَمَ الرَّاحِمِين. اللَّهُمَّ بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهُمْ فَرَحًا، وَهَمَّهُمْ فَرَجًا، يا رَبَّ العالَمِين. اللَّهُمَّ اكْتُبِ السِّلْمَ وَالسَّلامَ وَالأَمْنَ وَالأَمانَ

لِلْعالَمِ كُلِّهِ وَلِلّناسِ أَجْمَعِينَ. رَّبَنا آتِنا فِي الدُّنْيا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنا عَذابَ النّارِ.

عِبادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسانِ وَإِيتاءِ ذِي الْقُرْبى، وَيَنْهى عَنِ الفَحْشاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذْكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ ما تَصْنَعُونَ.